বিষয় কোড | ১ | ৪ | ৩ |

এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় : ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান—৬০

(যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও)

১. চট্টগ্রামের ইপিজেড এলাকায় অবস্থিত 'এ্যালিগেন্ট উলেন ওয়্যার' একটি সোয়েটার উৎপাদনকারী প্রতিষ্ঠান। বিশ্বের বিভিন্ন দেশ থেকে উল এনে সোয়েটার তৈরি করে এবং শীতকালে বিক্রয়ের জন্য গুদামজাতকরণ করে রাখে। ব্যবসায়িক নৈতিকতার কথা মাথায় রেখে প্রতিষ্ঠানটিতে অত্যাধুনিক বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি ব্যবহার করে পরিবেশকে যথাসম্ভব দূষণমুক্ত রাখতে চেষ্টা করে। সম্প্রতি কারখানা সংলগ্ন এলাকায় তারা একটি হাসপাতাল নির্মাণ করেছে।

ক. আন্তর্জাতিক সম্পর্ক ব্যবসায় পরিবেশের কোন উপাদানের অন্তর্গত? ১

খ. বাণিজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি সমাজের ও কর্মচারীদের প্রতি তাদের সামাজিক দায়িত্ব পালন করছে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

২. জনাব আকিব ও তার পাঁচ বন্ধু একত্রিত হয়ে রূপালি ফ্যাশন নামে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেন। তাদের প্রতিষ্ঠানে আকিব ও এক বন্ধু পরিচালক হিসেবে ব্যবসায়টি পরিচালনা করে থাকেন। তাদের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০ কোটি টাকা। সুদক্ষ পরিচালনা ও ব্যবস্থাপনার ফলে প্রতিষ্ঠানটি লাভজনক হওয়ার প্রেক্ষিতে তারা তা সম্প্রসারণের সিদ্ধান্ত নিলেন। ব্যাংক ঋণের জটিলতার কথা চিন্তা করে তারা জনগণের নিকট শেয়ার বিক্রয়ের মাধ্যমে অতিরিক্ত ১৫ কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নিলেন।

ক. প্রাথমিক সমবায় সমিতি কী? ১

খ. কোম্পানি সংগঠনের মূল দলিলটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের কোম্পানি? ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত প্রতিষ্ঠানটির গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে বিদ্যমান পরিচালনা পর্ষদের কোনো পরিবর্তন আবশ্যকীয় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. তৈরি পোশাক বিক্রেতা জনাব আদিল স্বল্প পুঁজির কারণে ব্যবসায় সাফল্য লাভে ব্যর্থ হয়ে জনাব রিয়ানকে অংশীদার হিসেবে নিতে আগ্রহ প্রকাশ করেন। জনাব রিয়ান ব্যবসায়ে কেবল মূলধন বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জনের শর্তে চুক্তিতে আবদ্ধ হন এবং শর্ত মোতাবেক মূলধন বিনিয়োগ করেন। কিন্তু ব্যবসায় কিছুদিন চলার পর জনাব আদিল দেউলিয়া হয়ে পড়েন।

ক. সমবায় কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব রিয়ান কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবসায়টির বিলোপসাধন ঘটবে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪. শিক্ষিত তরুণ মি. পারভেজ কারও অধীনে চাকরি পছন্দ না করায় "মডার্ণ এন্টারপ্রাইজ" নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তিনি প্রতিষ্ঠানটির মাধ্যমে কৃষিজাত পণ্য উৎপাদন মৌসুমে গুদামজাত করে সারা বছর ধরে সরবরাহ করেন। এ বছরের শুরুর দিকে হঠাৎ করে পিঁয়াজের দাম কমতে শুরু করলে তাৎক্ষণিকভাবে সংরক্ষিত পিঁয়াজ বিক্রয় করেছেন।

ক. ট্রেডমার্ক কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের বাধ্যতামূলক বিলোপসাধন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কী কারণে মি. পারভেজ দ্রুত সিদ্ধান্ত নিতে পেরেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. পারভেজের পিঁয়াজ গুদামজাতকরণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫. জনাব আকাশ লেদার ইনস্টিটিউট থেকে পাস করে ৪৫ জন দক্ষ কর্মী নিয়ে সাভারে চামড়ার তৈরি বিভিন্ন সামগ্রীর একটি কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানা ভবন ব্যতিরেকে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ৫ কোটি টাকা। অল্প দিনের মধ্যে তিনি ব্যবসায়ে সুনাম অর্জন করেন। তার সফলতা দেখে আরও অনেকে এ ধরনের শিল্প প্রতিষ্ঠান এগিয়ে আসেন। ফলে এলাকাটি শিল্প এলাকায় পরিণত হয়।

ক. চলতি মূলধন কী? ১

খ. আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে জনাব আকাশের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আকাশের শিল্পটি দেশে দ্রুত শিল্পায়নের ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে? বিশ্লেষণ করো। ৪

৬. তেজগাঁও বস্তি এলাকার মানুষের নিম্ন আয়ের কথা চিন্তা করে রবিন একটি পুরাতন কাপড়ের দোকান দেন। এতে তার ব্যবসায় ভালই চলছিল। কিছুদিন পর বস্তি এলাকার নিকটে একটি গার্মেন্টস কারখানা চালু হয়। বস্তিবাসীর অনেকেই ঐখানে কর্মসংস্থানের সুযোগ পায়। ফলশ্রুতিতে তারা কারখানার আশে পাশে বসবাস শুরু করে। বর্তমানে রবিনের ব্যবসায় ভাল চলছে না।

ক. বি. এস. টি. আই. কী? ১

খ. কপিরাইট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রবিন তার ব্যবসায়ের স্থান নির্বাচনে পরিবেশের কোন উপাদানটি বিশেষভাবে বিবেচনা করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে রবিনের ব্যবসায়ের নেতিবাচক প্রভাব পড়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৭. মি. ইমন টাঙ্গাইল জেলার মধুপুরের একজন সফল আনারস ব্যবসায়ী। ক্রেতা ও বাজার সম্পর্কে বিভিন্ন তথ্য নিয়ে আনারসের জুস তৈরির কারখানা করে সফলতা লাভ করেন। অন্যদিকে তার বন্ধু সোহান কোনো চিন্তা না করেই কুমিল্লায় একই ধরনের কারখানা স্থাপন করে ব্যর্থ হলেন।

ক. ম্যাক্রোস্ক্রিনিং কী? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. ইমন প্রকল্প গ্রহণের পূর্বে কী কাজ করলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সোহানের ব্যর্থতার কারণ বিশ্লেষণ করো। ৪

৮. জনাব রাকিব একটি ইলেকট্রনিকস সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে চাকরি করছেন। বর্তমানে তিনি নিজেই এরকম প্রতিষ্ঠান স্থাপনের চিন্তা করছেন। কিন্তু ঝুঁকির কথা চিন্তা করে অগ্রসর হতে ভয় পাচ্ছেন। এমতাবস্থায় ব্যাংকে কর্মরত তার এক বন্ধু তাকে ঐ কাজে উৎসাহিত করলেন এবং ব্যাংক থেকে সহজ শর্তে ঋণের ব্যবস্থা করতে পারবেন এবং মেশিনারি সংগ্রহে সাহায্য করতে পারবেন বলে আশ্বস্ত করলেন।

ক. মাইডাস কী? ১

খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব রাকিবকে কারখানা স্থাপনে আগ্রহী করতে কোন ধরনের সহায়তা প্রয়োজন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব রাকিবের ইলেকট্রনিকস কারখানা স্থাপনের আশা বাস্তবায়নে তার বন্ধু গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন" – মূল্যায়ন করো। ৪

৯. ধানমন্ডির "রূপান্তর" নামক বুটিক হাউজ প্রতিষ্ঠার অল্প কিছুদিনের মধ্যেই রাজধানীর অন্যতম ফ্যাশন হাউজের খ্যাতি পেয়েছে। প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের ন্যায্য বেতন, নিয়মিত চিকিৎসা সহায়তা থাকায় এখানে কর্মীরা সন্তুষ্ট থাকে এবং অধিক কাজ করে। সম্প্রতি অন্যান্য প্রতিষ্ঠানে গ্রাফিক্স ডিজাইনের মাধ্যমে নতুন নতুন ডিজাইন তৈরি, অত্যাধুনিক স্বয়ংক্রিয় সূচীকাজ ও এতদসংক্রান্ত বাস্তব শিক্ষার প্রয়োগ করছে। এক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ে এই প্রতিষ্ঠানটি পিছয়ে পড়ায় মুনাফা ক্রমেই হ্রাস পাচ্ছে।

ক. প্রমিতকরণ কী? ১

খ. মুক্ত নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে ব্যবস্থাপনার কোন কার্যাবলির জন্য কর্মীরা সন্তুষ্ট থাকে? ৩

ঘ. প্রযুক্তিগত পরিবেশের সাথে সমন্বয়ের অভাবই রূপান্তর হাউজের সাফল্যের প্রধান অন্তরায় – বিশ্লেষণ করো। ৪

বিষয় কোড | ১ | ৪ | ৩

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট | বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি) | পূর্ণমান—৪০

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. ব্যবসায়িক কর্মকাণ্ডের মাধ্যমে মুনাফা অর্জনের পাশাপাশি উদ্যোক্তাকে কোন গুরুত্বপূর্ণ দিকটি বিবেচনা করতে হয়?
ⓚ সরকারি পৃষ্ঠপোষকতা ⓚ নমনীয়তা
ⓖ সৃজনশীলতা
ⓓ নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

২. ক্রয়-বিক্রয়ের কাজ সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয় —
i. প্রাচীন যুগে ii. মধ্য যুগে
iii. আধুনিক যুগে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৩. শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর ক্ষেত্রে সংগঠিত বাধা দূর করে কোনটি?
ⓚ গুদামজাতকরণ ⓚ বিজ্ঞাপন
ⓖ পরিবহন ⓓ বাণিজ্য

৪. সফল উদ্যোক্তা কোন বিষয়ের প্রতি গভীর জ্ঞান রাখেন?
ⓚ ব্যবস্থাপনার কৌশল ⓚ নেতৃত্ব
ⓖ ঝুঁকি সংক্রান্ত ⓓ মুনাফা সংক্রান্ত

৫. উদ্যোগ উন্নয়ন কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছাতে না পারার কারণ —
i. কারিগরি শিক্ষার অভাব
ii. বৃত্তিমূলক শিক্ষার অভাব
iii. তাত্ত্বিক শিক্ষা ব্যবস্থা প্রচলিত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৬. আমাদের মোট জাতীয় উৎপাদনের কত ভাগ সেবা খাত থেকে আসে?
ⓚ ৫০ ভাগ ⓚ ২০ ভাগ
ⓖ ১০ ভাগ ⓓ ৪০ ভাগ

৭. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের জন্য বিবেচনা করতে হয় —
i. সঠিক পণ্য ii. মুনাফার নিশ্চয়তা
iii. পণ্যের চাহিদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৮. কোনো বিশেষ কাজ যথার্থভাবে সম্পাদন করার স্বার্থে একান্ত প্রয়োজন —
i. জ্ঞান ii. দক্ষতা
iii. প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও iii ⓚ i ও ii ⓖ i, ii ও iii ⓓ iii

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব সাকিব "আধুনিক কম্পিউটার এন্ড কম্পোজ" এর স্বত্বাধিকারী। তিনি নট্রামস থেকে ৬ মাসের প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ গ্রহণের পর থেকে জনাব সাকিব তার প্রতিষ্ঠান থেকে আগের চেয়ে বেশি আয় করতে পারছেন।

৯. প্রশিক্ষণ মিঃ সাকিবের কী বৃদ্ধি করেছে?
ⓚ সাহস ⓚ মিতব্যয়িতা
ⓖ দূরদৃষ্টি ⓓ কর্মদক্ষতা

১০. প্রশিক্ষণ গ্রহণের পর জনাব সাকিবের আয় বেশি হওয়ার প্রধান কারণ কী?
ⓚ মুনাফার প্রতি আকর্ষণ
ⓚ সময়ের সদ্ব্যবহার
ⓖ সম্পদের সদ্ব্যবহার
ⓓ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কৌশল

১১. কোম্পানি আইনের ব্যাপক সংস্কার করে কত সালে বাংলাদেশে নতুন কোম্পানি আইন প্রবর্তন করা হয়?
ⓚ ১৮৪৪ ⓚ ১৯১৩ ⓖ ১৮৯৪ ⓓ ১৯৯৪

১২. কোম্পানির সনদ বা সংবিধান বলা হয় —
ⓚ পরিমেল নিয়মাবলিকে
ⓚ স্মারকলিপিকে
ⓖ কার্যরম্ভের অনুমতি পত্রকে
ⓓ মিলযুক্ত উপবিধিকে

১৩. আমাদের এ উপমহাদেশের সর্বপ্রথম কত সালে সরকারিভাবে সমবায়ের উদ্যোগ গ্রহণ করা হয়?
ⓚ ১৯০৪ সালে ⓚ ১৯১৮ সালে
ⓖ ১৯১০ সালে ⓓ ১৯০৮ সালে

১৪. পলাশপুর গ্রামের কয়েকজন মধ্যবিত্ত পরিবারের মহিলা মিলে মহিলা সমবায় সমিতি গঠন করলেন। সমিতির সদস্যরা সর্বোচ্চ শেয়ার ক্রয় করতে পারবেন —
ⓚ একটি শেয়ার
ⓚ মূলধনের এক-পঞ্চমাংশ শেয়ার
ⓖ সব শেয়ার
ⓓ পাঁচ হাজার শেয়ার

১৫. অংশীদারি ব্যবসায় পরিচালিত হতে পারে —
i. সকলের দ্বারা
ii. সকলের পক্ষে একজনের দ্বারা
iii. সরকার দ্বারা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓓ i ও iii

১৬. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ⓚ ১০ জন ⓚ ২০ জন
ⓖ ২৫ জন ⓓ ৫০ জন

১৭. যে ধরনের ব্যবসায় সংগঠনের নিবন্ধন বাধ্যতামূলক তা হলো —
i. অংশীদারি ii. সমবায় সমিতি
iii. কোম্পানি সংগঠন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii

১৮. বাংলাদেশের মানুষের অর্থনৈতিক ও সামাজিক সুবিধা থেকে বঞ্চিত হওয়ার কারণ হলো —
i. স্বল্প আয় ii. উচ্চ আয়
iii. নিম্ন আয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓓ i ও iii

১৯. পাবলিক লিমিটেড কোম্পানির বেলায় কতজন প্রবর্তককে নিবন্ধনের জন্য আবেদন করতে হয়?
ⓚ ২ জন ⓚ ৭ জন ⓖ ১০ জন ⓓ ২০ জন

২০. বাংলাদেশে বর্তমানে কত সালের ট্রেডমার্কস আইন চালু আছে?
ⓚ ২০০০ ⓚ ২০০১ ⓖ ২০০৭ ⓓ ২০০৯

২১. ফ্রানসাইজিং ব্যবসায়ে জড়িত থাকে —
i. ফ্রানসাইজার   ii. ফ্রানসাইজি
iii. ফ্রানসাইজিং
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) i ও ii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:
জনাব সাদী কম্পিউটার বিষয়ে পারদর্শী। তিনি বহুদিন ধরে গবেষণা করে একটি সফটওয়্যার আবিষ্কার করেন। কিন্তু এর নিবন্ধন না করেই সফটওয়্যারটি ব্যবসায়িক উদ্দেশ্যে বাজারজাত করেন। পরবর্তী সময়ে বাজারে একই সফটওয়্যারের নকল বের হলে জনাব সাদী আর্থিক ক্ষতির সম্মুখীন হন।

২২. মেধাভিত্তিক হলো —
i. কপিরাইট   ii. পেটেন্ট
iii. ট্রেডমার্ক
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) i ও ii   (গ) i ও iii   (ঘ) i, ii ও iii

২৩. জনাব সাদী কোনটি গ্রহণ করলে ক্ষতির সম্মুখীন হতে হতো না?
(ক) নিবন্ধন   (খ) মামলা
(গ) আরও গবেষণা   (ঘ) প্রচার

২৪. জনাব সাদীর আবিষ্কারটি কী ধরনের সম্পদ?
(ক) আর্থিক (খ) জাতীয় (গ) মেধা   (ঘ) আইনগত

২৫. ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী?
(ক) পরিবেশ   (খ) পরিকল্পনা
(গ) প্রকল্প   (ঘ) বাজার চাহিদা

২৬. যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য মোট ব্যয়ের সমপরিমাণ হয় সে অবস্থাকে কী বলে?
(ক) আয়-ব্যয়   (খ) সম আয়-ব্যয় বিন্দু
(গ) ভাসমান বিন্দু   (ঘ) ব্যয় পরিমাণ মুনাফা বিন্দু

২৭. দেশের কত ভাগ শিল্প কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের আওতাভুক্ত?
(ক) ৭৫ ভাগ   (খ) ৮০ ভাগ
(গ) ৮৬ ভাগ   (ঘ) ৯৬ ভাগ

২৮. উৎপাদনমুখী শিল্পের অন্তর্গত —
i. পণ্য উৎপাদন   ii. প্রক্রিয়াজাতকরণ
iii. সংযোজন
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) i ও ii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

২৯. বৃহৎ শিল্পে কতজনের বেশি শ্রমিক নিয়োজিত থাকে?
(ক) ১৫০ জন   (খ) ২৫০ জন
(গ) ২০০ জন   (ঘ) ৩০০ জন

৩০. রংপুর বিভাগের কুড়িগ্রাম কেমন জেলা?
i. উন্নত   ii. অনুন্নত
iii. স্বল্পোন্নত
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) ii   (গ) iii   (ঘ) ii ও iii

৩১. আমলাতান্ত্রিক নেতৃত্বে নেতার চেয়ে কোনটি বেশি গুরুত্বপূর্ণ?
(ক) নেতার আদেশ   (খ) নেতার পেশা
(গ) নেতার কর্ম   (ঘ) নেতার গুণ

৩২. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক কোন মেয়াদে ঋণ প্রদান করে?
i. স্বল্প   ii. মধ্য
iii. দীর্ঘ
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) i ও ii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

৩৩. পণ্যদ্রব্যের গুণাগুণ, রং, আকার প্রভৃতি বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে পণ্যের মান নির্ধারণ করাকে কী বলে?
(ক) মোড়কীকরণ   (খ) গুদামজাতকরণ
(গ) প্রমিতকরণ   (ঘ) পর্যায়িতকরণ

৩৪. বিপণনের মাধ্যমে পণ্যের উপযোগ সৃষ্টি হয় —
i. মালিকানাগত   ii. স্থানগত
iii. সময়গত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii   (খ) ii ও iii
(গ) i, ii ও iii   (ঘ) i ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:
"বাংলার মেলা" প্রতিষ্ঠানটি নিজেদের কারখানায় উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন স্থানে দোকান খুলে খুচরা ব্যবসায়ীদের মতো সাধারণ ভোক্তাদের নিকট বিক্রয়ের ব্যবস্থা করে।

৩৫. 'বাংলার মেলা' বন্টন প্রণালী বিবেচনায় বিপণনের কোন পদ্ধতি ব্যবহার করে?
(ক) সরাসরি
(খ) খুচরা ব্যবসায়ীর মাধ্যমে
(গ) ডিলারের মাধ্যমে
(ঘ) প্রতিনিধির মাধ্যমে

৩৬. 'বাংলার মেলায়' ব্যবহৃত বন্টন প্রণালীর পদ্ধতির মাধ্যমে যে সকল সুবিধা প্রতিষ্ঠানটি পায় তা হলো —
i. বিপণন খরচ কম পড়ে
ii. মধ্যস্থ ব্যবসায়ীদের ওপর নির্ভর করতে হয় না
iii. ন্যায্য মূল্যে পণ্য বিক্রয় সম্ভব হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii   (খ) i ও iii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

৩৭. ২০১২ সালের এপ্রিল পর্যন্ত সারা দেশে কতটি শিল্প নগরী আছে?
(ক) ৭০টি   (খ) ৭৪টি
(গ) ৮০টি   (ঘ) ৮৪টি

৩৮. বিজনেসম্যান অব দি ইয়ার কে নির্বাচিত হয়েছিলেন?
(ক) জহুরুল ইসলাম   (খ) স্যামসন এইচ চৌধুরী
(গ) নায়েব আলী   (ঘ) শাহেদা বেগম

৩৯. সমাজের প্রতি ব্যবসায়ীর দায়বদ্ধতা —
i. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
ii. পণ্যের মজুদ দারি না করা
iii. মানসম্মত পণ্য সরবরাহ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i   (খ) i ও ii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

৪০. নিজের মা সহ পৃথিবীর সকল মায়েদের শ্রদ্ধা জানাতে 'রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড' কে প্রচলন করেছেন?
(ক) আবুল কালাম আজাদ (খ) লুৎফা সানজিদা
(গ) নায়েব আলী   (ঘ) জহুরুল ইসলাম

উত্তরমালা	১	ঘ	২	গ	৩	গ	৪	ক	৫	ঘ	৬	ক	৭	খ	৮	গ	৯	ঘ	১০	গ
	১১	ঘ	১২	খ	১৩	ক	১৪	খ	১৫	গ	১৬	ক	১৭	খ	১৮	ঘ	১৯	খ	২০	ঘ
	২১	খ	২২	ঘ	২৩	ক	২৪	গ	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	ঘ	২৯	খ	৩০	খ
	৩১	ক	৩২	ঘ	৩৩	গ	৩৪	গ	৩৫	ক	৩৬	ঘ	৩৭	খ	৩৮	খ	৩৯	ঘ	৪০	ক